# AKASHVANI(AIR)

## RNU: KOLKATA

### Bengali Text Bulletin

**13-05-2026** **Time: 1.40 PM**

---

**বিশেষ বিশেষ খবরঃ-**

১) রাজ্য বিধানসভা আজ নব নির্বাচিত বিধায়কদের শপথ গ্রহণ চলেছে। প্রথমেই ভবানীপুর কেন্দ্র থেকে বিধায়ক হিসাবে নির্বাচিত মুখ্যমন্ত্রী শুভেন্দু অধিকারী শপথ নিয়েছেন।

শপথ গ্রহণের পর তিনি বলেছেন, নতুন বিধানসভায় কোনোরকম গোপনীয়তা থাকবেনা। তার সরকার গণতন্ত্রের তিনটি শর্ত মেনে চলবে।

২) রাজ্য সরকার বেআইনি টোল ও ড্রপ গেটের বিরুদ্ধে কড়া পদক্ষেপ নিচ্ছে ।

বেআইনী অস্ত্রের ব্যবহার বন্ধেও আগামী সোমবার শুরু হচ্ছে পুলিশের বিশেষ অভিযান।

৩) ইডি, কলকাতার পুলিশ কর্তা শান্তনু সিনহা বিশ্বাসের গতিবিধি জানতে চেয়ে নিরাপত্তা নির্দেশালয়কে চিঠি দিয়েছে।

৪) কলকাতার তপসিয়ায় একটি বহুতল আবাসবনে বিধ্বংসী অগ্নিকান্ডে উচ্চ পর্যায়ের তদন্ত কমিটি আজ তাদের রিপোর্ট পেশ করবে।

৫) মোহনবাগান ক্লাবের প্রাক্তন সভাপতি স্বপন সাধন বা টুটু বসুর প্রয়াণে, ক্রীড়ামহলে শোকের ছায়া নেমে এসেছে। মুখ্যমন্ত্রী সহ বহু বিশিষ্ট ব্যক্তি শ্রদ্ধা জানিয়েছেন। আজ বিকেলে সম্পন্ন হবে শেষকৃত্য।

৬) IPL ক্রিকেটে আজ কলকাতা নাইট রাইডার্স, রয়াল চ্যালেঞ্জার্স ব্যাঙ্গালুরুর মুখোমুখি হবে।

------------------------------------------------------------------------------------------------

রাজ্য বিধানসভায় আজ নবনির্বাচিত বিধায়কদের শপথ গ্রহণ চলেছে। প্রথমার্ধে ভবানীপুর থেকে নির্বাচিত বিধায়ক হিসেবে প্রথম শপথ নেন, মুখ্যমন্ত্রী শুভেন্দু অধিকারী।

(বাইট- শুভেন্দুর শপথ)

এরপর একে একে শপথ নেন মন্ত্রিসভার বাকি সদস্য- নিশীথ প্রামাণিক, দিলীপ ঘোষ, অশোক কীর্তনিয়া, ক্ষুদিরাম টুডু ও অগ্নিমিত্রা পাল। অধ্যক্ষ প্রতীম তাপস রায় তাঁদের শপথ বাক্য পাঠ করান। এছাড়াও, উত্তরবঙ্গের নয় জেলা ও মুর্শিদাবাদের মোট ৭৬ জন বিধায়ক প্রথমার্ধে শপথ নিয়েছেন।

দ্বিতীয়ার্ধে নদিয়া এবং দুই ২৪ পরগনার বিধায়কদের শপথ নেওয়ার কথা।

শপথ গ্রহণের আগে মুখ্যমন্ত্রী শুভেন্দু অধিকারীকে আজ বিধানসভা চত্বরে ‘গার্ড অফ অনার’ প্রদান করা হয়। সিঁড়িতে মাথা ঠেকিয়ে প্রণাম করে, বিধানসভায় ঢোকেন নবনির্বাচিত মুখ্যমন্ত্রী। তাঁকে স্বাগত জানান অধ্যক্ষ প্রতীম তাপস রায়। তারপর তিনি বি আর আম্বেদকরের মূর্তিতে মাল্যদান করেন। তারপর বিধানসভায় মুখ্যমন্ত্রীর জন্য নির্দিষ্ট ঘরে গিয়ে তিনি পুজো দেন তিনি।

শপথ গ্রহণের পর মুখ্যমন্ত্রী বলেন, নতুন বিধানসভায় কোনো গোপনীয়তা থাকবেনা। তাঁর সরকার ফর দ্য পিপল, বাই দ্য পিপল, অফ দ্য পিপল গণতন্ত্রের এই তিনটি শর্ত মেনে চলবে।

**বাইট শুভেন্দু**

প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী পশ্চিম এশিয়ায় সাম্প্রতিক পরিস্থিতির প্রেক্ষিতে অপ্রয়োজনীয় গাড়ির ব্যবহার সহ বিভিন্ন ক্ষেত্রে কাঁটছাটের যে নির্দেশ দিয়েছেন, সে প্রসঙ্গে সাংবাদিকদের প্রশ্নের উত্তরে নতুন মুখ্যমন্ত্রী বলেন, রাজ্য সরকারও তাঁর দেখানো পথেই চলবে।

সাংবিধানিক কারণে নন্দীগ্রামের বিধায়ক পদ তাঁকে ছাড়তে হলেও সেখানকার মানুষের পাশে তিনি সবসময় সবরকম ভাবে থাকবেন বলেও আশ্বাস দেন শুভেন্দু অধিকারী। অন্য এলাকার মতই নন্দীগ্রামের জনগণও যে সমান পরিষেবা পাবেন, সেকথাও উল্লেখ করেন তিনি।

বাইট শুভেন্দু নন্দীগ্রাম

শপথ গ্রহণ নিয়ে আমাদের প্রতিনিধির একটি প্রতিবেদন

ভয়েসকাস্ট

-----------------

আগামীকাল’ও চলবে শপথ গ্রহণ পর্ব। প্রথমার্ধে কলকাতা, হাওড়া, হুগলি, পূর্ব মেদিনীপুর এবং ঝাড়গ্রাম এবং দ্বিতীয়ার্ধে পশ্চিম মেদিনীপুর, পুরুলিয়া, বাঁকুড়া, দুই বর্ধমান, ও বীরভূমের জয়ী বিধায়করা শপথ নেবেন।

শুক্রবার ১৫’ই মে, বিধানসভার অধ্যক্ষ নির্বাচন হওয়ার কথা। অধ্যক্ষ প্রতীম তাপস রায়কেই অধ্যক্ষ পদে শাসক দলের তরফে প্রার্থী করা হতে পারে বলে বিধানসভা সূত্রে জানা গেছে। লোকভবনে গতকাল মাণিকতলার এই বিধায়ককে প্রোটেম স্পিকার বা অধ্যক্ষ প্রতীম পদে শপথবাক্য পাঠ করান রাজ্যপাল রবীন্দ্র নারায়ণ রবি।

উল্লেখ্য, রাজ্য বিধানসভার ২৯৪ টি আসনের মধ্যে ফলতা বিধানসভা কেন্দ্রে পুনর্নির্বাচন হবে ২১শে মে। ২৯৩ টির মধ্যে ২০৭ টি আসনে বিজেপি, ৮০’টিতে তৃণমূল

কংগ্রেস, CPIM-একটি, ISF-একটি, আমজনতা উন্নয়ন পার্টি- দুটি এবং কংগ্রেস দুটি আসনে জয় লাভ করেছে।

এদিকে, মুখ্যমন্ত্রী শুভেন্দু অধিকারী, আজ দুপুর ২'টোয় নবান্ন সভাঘরে সব দপ্তরের আধিকারিকদের নিয়ে বৈঠকে বসবেন। এর আগে তিনি, রাজ্যে চালু থাকা সামাজিক সুরক্ষা প্রকল্পগুলিকে আরো স্বচ্ছতার সঙ্গে চালানোর কথা বলেছিলেন।

-----------------

রাজ্যে সমস্ত অবৈধ আগ্নেয়াস্ত্র উদ্ধার করার জন্য মুখ্যমন্ত্রী শুভেন্দু অধিকারী, পুলিশের শীর্ষ কর্তাদের নির্দেশ দিয়েছেন। আগামী ১৬ ই মে এজন্য বিশেষ অভিযান শুরু হবে। দু সপ্তাহ ধরে এই অভিযান চলবে বলে পুলিশ সূত্রে জানা গেছে। ১৫ই মের মধ্যে থানার মালখানায় রাখা বিভিন্ন মামলায় বাজেয়াপ্ত সমস্ত অস্ত্র ও গুলি বারুদ যাচাই করে দেখতে বলা হয়েছে। ১৬ ই মে থেকে এসডিপিও ও ডিএসপি-দের থানার মালখানা পরিদর্শন করার নির্দেশ দেওয়া হয়েছে।

-----------------

রাজ্য সরকার বেআইনি টোল ও ড্রপ গেটের বিরুদ্ধে কড়া পদক্ষেপ নিচ্ছে । মুখ্যসচিব মনোজ কুমার আগরওয়ালের জারি করা ওই নির্দেশিকায় বলা হয়েছে, সরকারি অনুমোদন ছাড়া চালু থাকা সমস্ত টোল গেট, ড্রপ গেট ও ব্যারিকেড অবিলম্বে বন্ধ করতে হবে।

জেলা প্রশাসনকে নিজেদের এলাকায় থাকা বেআইনি টোল সংগ্রহ কেন্দ্রগুলি চিহ্নিত করে দ্রুত অপসারণের ব্যবস্থা নিতে নির্দেশ দেওয়া হয়েছে,। একই সঙ্গে

ভবিষ্যতে যাতে নতুন করে এই ধরনের অবৈধ সংগ্রহ কেন্দ্র গড়ে উঠতে না পারে, সেদিকেও নজর রাখতে বলা হয়েছে।

নির্দেশিকায় আরও উল্লেখ করা হয়েছে, অনুমোদনহীন টোল পয়েন্টে যে কোনও রকম অর্থ আদায় অবিলম্বে বন্ধ করতে হবে।

পাশাপাশি বৈধ ও অবৈধ- সমস্ত ধরণের টোল সংগ্রহ কেন্দ্রের তালিকা তৈরি করে আগামী ১৫ মে দুপুর ১২টার মধ্যে আন্ডার সেক্রেটারির কাছে জমা দেওয়ার নির্দেশ দেওয়া হয়েছে।

-----------------

এদিকে, পশ্চিম বর্ধমান ও ঝাড়খণ্ড সীমান্ত লাগোয়া 'অবৈধ' রূপনারায়ণপুর টোল প্লাজা বন্ধ করা হয়েছে। জেলা পরিষদের আওতায় এই টোল প্লাজা কোনো বৈধ টেন্ডার ছাড়াই চলত বলে খবর। বিজেপি বিধায়ক অরিজিৎ রায় বলেছেন, সঠিক টেন্ডার না হওা পর্যন্ত এই টোল প্লাজা বন্ধ থাকবে।

-----------------

এখন থেকে রেশনে আটার বদলে গম দেওয়া হবে বলে খাদ্যমন্ত্রী অশোক কীর্তনীয়া আজ নির্দেশ দিয়েছেন। বিধানসভায় বিধায়ক হিসেবে শপথ নিয়ে তিনি বলেন কেন্দ্রীয় সরকার যে গম সরবরাহ করে, তার বদলে গ্রাহকদের নিম্নমানের আটা সরবরাহ করা হত। এই কারণেই রেশন দোকানে সরাসরি আটা সরবরাহ বন্ধ করার এই নির্দেশ। দুর্নীতির সঙ্গে যুক্ত কাউকেই রেয়াত করা হবে না বলে স্পষ্ট জানিয়েছেন খাদ্যমন্ত্রী।

-----------------

এনফোর্সমেন্ট নির্দেশালয় - ইডি কলকাতার পুলিশ কর্তা শান্তনু সিনহা বিশ্বাসের গতিবিধি জানতে চেয়ে ডিরেক্টরেট অফ সিকিউরিটি বা নিরাপত্তা নির্দেশালয়কে চিঠি দিয়েছে। তার বর্তমান অবস্থান, কোথায় তিনি ডিউটি করছেন, সমস্ত বিস্তারিতই জানতে চাওয়া হয়েছে ইডির তরফ থেকে।

উল্লেখ্য, রাজ্যে দ্বিতীয় দফা ভোটের আগে গত ২৮ শে এপ্রিল শান্তনুকে সিজিও কলপ্লেক্সে তলব করে ইডি। সোনা পাপ্পু সংক্রান্ত মামলায় জিজ্ঞাসবাদের জন্যই তাকে তলব করা হয়। কিন্তু তিনি হাজিরা দেননি। এরপর তিনি দেশ ছাড়তে পারেন, এমন আশঙ্কায় তার বিরুদ্ধে লুক আউট নোটিশ জারি করে ইডি।

দক্ষিণ কলকাতার বালিগঞ্জের বাসিন্দা সোনা পাপ্পুর বিরুদ্ধে জমি দখল, তোলাবাজি সহ বিভিন্ন অভিযোগ রয়েছে। অস্ত্র আইনের মামলায়ও রয়েছে। এই অভিযোগের তদন্তের সূত্রেই শান্তনু সিনহার ঐ দুর্নীতিতে জড়িত থাকার হদিশ পান ইডি আধিকারিকরা। গতমাসে ফার্ন রোডে শান্তনুর বাড়িতেও হানা দেয় ইডি।

-----------------

কলকাতার তিলজলা থানা এলাকার তোপসিয়ার একটি বহুতল আবাসনে বিধ্বংসী অগ্নিকান্ডের ঘটনায় মুখ্যমন্ত্রী শুভেন্দু অধিকারারীর নির্দেশে উচ্চ পর্যায়ের তদন্ত কমিটি গঠন করা হয়। তারা আজ রিপোর্ট পেশ করবে। কলকাতা পুলিশ কমিশনার অজয় নন্দের নেতৃত্বে চার সদস্যের এই কমিটিতে রয়েছেন, ক্ষুদ্র মাঝারি দপ্তরের অতিরিক্ত মুখ্য সচিব, দমকল ও অগ্নি নির্বাপন দপ্তরের অতিরিক্ত মুখ্য সচিব এবং কলকাতা মিউনিসিপাল কর্পোরেশনের কমিশনার। কলকাতা পুলিশকে দ্রুত স্বতপ্রণোদিতভাবে মামলা রুজু করার নির্দেশ’ও দেওয়া হয়েছে।

এদিকে, অগ্নিকান্ডের ঘটনায় কারখানার মালিক ও ম্যানেজারকে পুলিশ গ্রেপ্তার করেছে বলে জানা গেছে। দক্ষিণ কলকাতার পাম অ্যাভেনিউ থেকে এদের ধরা হয়। তবে বিস্তারিত এখনও জানা যায়নি।

-----------------

মোহনবাগান ক্লাবের প্রাক্তন সভাপতি স্বপন সাধন বা টুটু বসুর প্রয়াণে, ক্রীড়ামহলে শোকের ছায়া নেমে এসেছে। গতকাল রাত ১২ টা নাগাদ এই ক্রীড়া প্রশাসক, দক্ষিণ কলকাতার একটি নার্সিংহোমে শেষ নিঃশ্বাস ত্যাগ করেন। বয়স হয়েছিল ৭৮ বছর। বেশ কিছুদিন ধরেই তিনি নানা শারীরিক সমস্যায় ভুগছিলেন। হৃদরোগে আক্রান্ত হওয়ায়, সোমবারই তাঁকে নার্সিংহোমে ভর্তি করা হয়।

তাঁকে দেখতে হাসপাতালে যান রাজ্যের ক্রীড়া মন্ত্রী নিশীথ প্রামাণিক, সর্বভারতীয় ফুটবল ফেডারেশনের সভাপতি কল্যাণ চৌবে। মুখ্যমন্ত্রী শুভেন্দু অধিকারীও তাঁর তাঁর মৃত্যুতে গভীর শোক প্রকাশ করেছেন। এক শোকবার্তায় তিনি বলেন, মোহনবাগান ক্লাব ও টুটু বসু ছিলেন, একে অপরের পরিপূরক। তাঁর দূরদৃষ্টি ও খেলাধুলার প্রতি অকৃত্রিম ভালবাসা, আগামী প্রজন্মকে অনুপ্রাণিত করবে।

শোক প্রকাশ করেছেন, প্রাক্তন মুখ্যমন্ত্রী মমতা ব্যানার্জী, বিজেপির রাজ্য সভাপতি শমীক ভট্টাচার্য, মন্ত্রী অগ্নিমিত্রা পাল, বিধায়ক স্বপন দাশগুপ্ত, বামফ্রন্ট চেয়ারম্যান বিমান বসু, ফুটবলার সুব্রত ভট্টাচার্য সহ বহু বিশিষ্ট ব্যক্তি।

টুটু বসুর মরদেহ আজ সকালে তাঁর বালিগঞ্জের বাসভবনে বেশ কিছুক্ষণ শায়িত রাখা হয়। এরপর ভবানীপুর ক্লাব ও সংবাদ প্রতিদিনের দপ্তর হয়ে, তা’ নিয়ে আসা হয়েছে মোহনবাগান ক্লাবে। অগণতি মানুষ সেখানে চোখের জলে তাঁকে শেষ বিদায়

জানান। সেখানে শ্রদ্ধা জানান মুখ্যমন্ত্রী শুভেন্দু অধিকারী, ক্রীড়ামন্ত্রী নিশীথ প্রামাণিক প্রমুখ।

আজ বিকেলে কেওড়াতলা মহাশ্মশানে শেষকৃত্য সম্পন্ন হবে, প্রাক্তন এই রাজ্যসভার সাংসদের।

-----------------

আইপিএল ক্রিকেটে আজ কলকাতা নাইট রাইডার্স, রয়্যাল চ্যালেঞ্জার্স বেঙ্গালুরুর বিরুদ্ধে খেলবে। ছত্তিশগড়ের নব রায়পুরে শহীদ বীর নারায়ণ সিং আন্তর্জাতিক স্টেডিয়ামে খেলা শুরু সন্ধ্যা সাড়ে সাতটায়।

১০ ম্যাচে ৯ পয়েন্ট সংগ্রহ করে কেকেআর অষ্টম স্থানে রয়েছে।

১১ ম্যাচে ১৪ পয়েন্ট সংগ্রহ করে আরসিবি রয়েছে পয়েন্ট তালিকার শীর্ষে। প্লে অফ-এ যেতে হলে কেকেআর-কে বাকি ম্যাচগুলি জিততে হবে।

-----------------

আজকের প্রসঙ্গের এবারের বিষয় 'আয়ুষ্মান ভারত' । কল্যাণী এইমসের মেডিকেল সুপারিনটেনডেন্ট প্রফেসর ডক্টর মহুয়া চট্টোপাধ্যায়ের সঙ্গে কথা বলেছেন দিব্য দে। আজ শুনবেন দ্বিতীয় তথা শেষ পর্ব।

আকাশবাণীর সংবাদ বিভাগ প্রযোজিত অনুষ্ঠানটি শুনবেন আজ রাত সাড়ে ৯টায় গীতাঞ্জলি, DTH বাংলা এবং আকাশবাণী সংবাদ কলকাতা সোশ্যাল মিডিয়া প্লাটফর্মে।

----------------- -----------------